



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.২৩-১১৯

তারিখ: ২৩ নভেম্বর ২০২৩

বিষয়: নির্বাচনি অনুসন্ধান কমিটির (Electoral Enquiry Committee) কর্মকর্তাগণের নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত প্রয়োজনীয় যানবাহন বরাদ্দ এবং পুলিশ বাহিনীর সদস্য মোতায়েন।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নির্বাচন কমিশন, The Representation of the People Order, 1972 (P.O.No.155 of 1972)-এর Article 91A এ প্রদত্ত ক্ষমতাবলে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি অপরাধ, নির্বাচনি আচরণ বিধি, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের প্রস্তুতি বা পরিচালনায় বাধাগ্রস্ত বা ব্যাহত করে এমন 'নির্বাচন-পূর্ব অনিয়ম' সংক্রান্ত বিষয়সমূহ অনুসন্ধানপূর্বক নির্বাচন কমিশনের নিকট প্রতিবেদন দাখিলের নিমিত্ত প্রত্যেক নির্বাচনি এলাকার জন্য ০১(এক) জন যুগ্ম জেলা জজ বা সিনিয়র সহকারী জজ এর সমন্বয়ে সারাদেশে ৩০০ (তিনশত) টি নির্বাচনি অনুসন্ধান কমিটি (Electoral Enquiry Committee) গঠন করেছেন।

২। অত্র প্রজ্ঞাপন জারির তারিখ হতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের সময় পর্যন্ত নির্বাচনি অনুসন্ধান কমিটির কর্মকর্তাগণ সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় উপস্থিত থেকে সার্বক্ষণিক নির্বাচন-পূর্ব অনিয়ম অনুসন্ধান সংক্রান্ত নির্বাচনি দায়িত্ব পালন করবেন মর্মে নির্বাচন কমিশন কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৩। নির্বাচন-পূর্ব অনিয়মসমূহ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ করার লক্ষ্যে সুষ্ঠু অনুসন্ধানের স্বার্থে প্রত্যেক নির্বাচনি অনুসন্ধান কমিটির সহিত পুলিশ বাহিনীর ০২(দুই) জন অস্ত্রধারী সদস্য নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ কমিশনার/পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। বর্ণিত কমিটির কর্মকর্তাগণকে চাহিদা এবং প্রয়োজন অনুসারে সার্বক্ষণিকভাবে জীপগাড়ী বা মাইক্রোবাস বা ক্ষেত্রমত স্পীডবোট বরাদ্দের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নির্বাচন কমিশনের আদেশক্রমে,

২৩.১১.২০২৩

মোঃ আব্দুছ সালাম

উপসচিব (আইন)

ফোন : ০২-৫৫০০৭৫৩৬

E-mail: ds_la@ecs.gov.bd

১। জেলা প্রশাসক,..... (সকল)

২। পুলিশ সুপার,(সকল)

১৭.০০.০০০০.০৪৫.২৭.০০৩.২৩-১১৯

তারিখঃ ২৩ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়):

০১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

০২। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা

০৩। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ,(সকল)

০৪। বিভাগীয় কমিশনার,.... (সকল বিভাগ)

০৫। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

০৬। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

০৭। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা

০৮। পুলিশ কমিশনার, (সকল মেট্রোপলিটন পুলিশ এরিয়া)

০৯। উপমহাপুলিশ পরিদর্শক,(সকল)

জারীকৃত

২৩/১১/২৩

অফিসের ঠিকানাঃ


নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

- ১০। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, (সকল)
- ১১। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, (সকল)
- ১২। জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার, (সকল)
- ১৩। পুলিশ সুপার, (সকল)
- ১৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,(সকল অঞ্চল)
- ১৫। উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ১৬। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার,(সকল) (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)
- ১৭। সহকারী রিটার্নিং অফিসার, (সকল)
- ১৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, (সকল)
- ১৯। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)
- ২০। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (নি:ব্য:ও স:-১)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২১। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২২। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
- ২৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২৪। উপজেলা নির্বাচন অফিসার, (সকল)
- ২৫। অফিসার ইনচার্জ, (সকল)
- ২৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)



(সািবনা ইয়াসমীন)

সিনিয়র সহকারী সচিব (আইন-১)

ফোন : ০২-৫৫০০৭৬০৭